



## নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২

চারঘাট জোনাল অফিস।

### “বিদ্যুৎ চুরিরোধকল্পে বিশেষ বিজ্ঞপ্তি”

আপনি নিশ্চয়ই অবগত আছেন নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর চারঘাট জোনাল অফিস পিডিবি/পিজিসিবি হতে বিদ্যুৎ ক্রয় করে চারঘাট পৌরসভাসহ উপজেলার ০৬টি ইউনিয়নের বিভিন্ন এলাকায় গ্রাহক প্রাপ্তে বিদ্যুৎ সরবরাহ করে থাকে। অত্র প্রতিষ্ঠানকেও নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করতে হয়। সম্মানিত গ্রাহকের বিদ্যুৎ বিলের অর্থই উক্ত বিলের উৎস।

“কুটির শিল্প, ক্ষুদ্র কাজ-সব কিছুতে বিদ্যুৎ আজ”। অর্থাৎ বর্তমানে বিদ্যুতের বহুবিধ ব্যবহারে গ্রাম ও শহরের বৈষম্য দূর হয়েছে। অত্র প্রতিষ্ঠান হতে বিভিন্ন শ্রেণীর গ্রাহককে বিদ্যুৎ সংযোগ দেয়া হলেও, এ প্রতিষ্ঠানের নিজস্ব কোন বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থা নাই। তবে সরকার বিদ্যুৎ উৎপাদন করতে বিপুল অংকের অর্থ ব্যয় করে থাকে। তাই এই বিদ্যুতের ব্যবহারে সকলকে মিতব্যয়ী ও যত্নবান হওয়া প্রয়োজন। কিন্তু অনেক সময় বিভিন্ন এলাকা হতে বিভিন্ন পন্থায় অবৈধ বিদ্যুৎ ব্যবহারের তথ্য পাওয়া যায়। যেমন-

- # মেইন লাইনের খোলা তারে হাঁক বেধে জমিতে, পুকুরে পানি দেয়া;
- # মেইন লাইনের খোলা তারে হাঁক বেধে বা ডপ তার ছিন্ন করে ব্যাটারী/ অটোরিক্সা চার্জ দেয়া;
- # মেইন লাইনের খোলা তারে হাঁক বেধে বা ডপ তার ছিন্ন করে মুরগীর খামারে বিদ্যুৎ ব্যবহার করা;
- # মেইন লাইনের খোলা তারে হাঁক বেধে বা ডপ তার ছিন্ন করে রাত্রিকালীন ক্রিকেট/ ব্যাডমিন্টন খেলা;
- # মেইন লাইনের খোলা তারে হাঁকবেধে বা ডপ তার ছিন্ন করে আবাসিক বা অন্য কোন অনুষ্ঠানে বিদ্যুৎ ব্যবহার করা;
- # অনেকে বিল কমানোর জন্য স্থানীয় টেকনিশিয়ান এর সহায়তায় মিটারে হস্তক্ষেপ করে থাকেন;

এভাবে মিটার বাতীত সরাসরি মেইন লাইন হতে বিদ্যুৎ ব্যবহার করা খুবই ঝুঁকিপূর্ণ। এতে করে যে কোন ধরণের দুর্ঘটনা ঘটতে পারে। তাছাড়া মিটারবিহীন অবৈধ বিদ্যুৎ ব্যবহার সম্পূর্ণ বে-আইনী এবং শাস্তিযোগ্য অপরাধ। বিদ্যুৎ আইন ২০১৮ এর ধারা-৪৮ অনুযায়ী চুরিকৃত বিদ্যুৎ এর মূল্যের ০৩ (তিন) গুন অর্থ আদায়যোগ্য। অর্থাৎ গ্রাহক মিটারবিহীন বিদ্যুৎ ব্যবহার করলে ব্যবহৃত বিদ্যুতের মূল্য তিন গুন আদায় করার নির্দেশনা রয়েছে। বিধায়, আপনাদের ব্যবহারের ধরণ অনুযায়ী অফিস হতে নিয়মানুযায়ী বিদ্যুৎ সংযোগ গ্রহণ করে বিদ্যুৎ ব্যবহারের জন্য অনুরোধ করা হল।

উল্লেখ্য, অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার না করার জন্য সম্মানিত গ্রাহকগণকে পত্র দ্বারা, মাইকিং করে, বিদ্যুৎ বিলে সীল লাগিয়ে অনুরোধ জানানো হচ্ছে। এছাড়া অবৈধ বিদ্যুৎ ব্যবহার হয় কিনা তা যাঁচাইয়ের জন্য অত্র অফিস হতে দিবা-রাত্রি অভিযান পরিচালনা করা হচ্ছে।

এমতাবস্থায়, “অবৈধ বিদ্যুৎ ব্যবহার বে-আইনী ও শাস্তিযোগ্য অপরাধ” বিষয়টি জনসাধারণের মাঝে ব্যাপক প্রচার ও জনসচেতনতা সৃষ্টিতে আপনার দপ্তরে অনুষ্ঠিত মিটিং, সেমিনারে আলোচনা করার জন্য অনুরোধসহ প্রেরণ করা হল।

“পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম বাস্তবায়নে আপনার সার্বিক সহযোগিতা একান্ত কাম্য”

অনুরোধক্রমে-  
ডেপুটি জেনারেল ম্যানেজার  
চারঘাট জোনাল অফিস।